



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/6/2021

গভর্নর ক্যাথি হোকল

**পার্ল হার্বারের ঘটনার 80তম বার্ষিকী পালন উপলক্ষে পতাকা অর্ধনমিত রাখার জন্য
গভর্নর হোকলের নির্দেশ**

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে পার্ল হার্বারের ঘটনার 80তম বার্ষিকী পালন উপলক্ষে আগামীকাল 7 ডিসেম্বর সূর্যোদয় থেকে সূর্যাস্ত পর্যন্ত স্টেটের ভবনগুলোতে পতাকা অর্ধনমিত রাখা হবে।

"আট দশক আগে, পার্ল হার্বারে ঘটে যাওয়া হামলার ঘটনায় 2,400 জন সশস্ত্র বাহিনীর সদস্য ও বেসামরিক নাগরিক তাদের জীবন হারিয়েছেন, যে ঘটনা আমাদের ইতিহাসে চিরস্থায়ী হয়ে থাকবে," বলেছেন **গভর্নর হোকল**। "দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় আমাদের সর্বোৎকৃষ্ট প্রজন্ম আমাদের গণতন্ত্রের প্রতিরক্ষায় সাহসের সঙ্গে সাড়া দিয়েছিল, এবং এখন আমাদেরকে কোভিড-19 মহামারীর বিরুদ্ধে লড়াই করার জন্য ডাকা হচ্ছে। পার্ল হার্বারের ঘটনার 80তম বার্ষিকীতে চলুন আমরা আমাদের দেশকে নিরাপদ রাখার জন্য আমাদের বাবা-মা ও দাদা-দাদীদের করে যাওয়া ত্যাগের প্রতি শ্রদ্ধা জানাই, এবং এই প্রাণঘাতী ভাইরাসের বিস্তার বন্ধে আমাদের দায়িত্বটুকু পালন করি। টিকা গ্রহণ করুন, বুস্টার ডোজ নিন, এবং মাস্ক পরুন। আমরা এটা পারবো।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418